

# সাত কলেজে ভর্তির আবেদন স্থগিত

ঢাবি প্রতিনিধি

২৯ জানুয়ারি, ২০২৫  
২২:২৯

শেয়ার

অ +

অ -



ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন চলমান সাতটি কলেজে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার আবেদন গ্রহণ প্রক্রিয়া আপাতত স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বুধবার (২৯ জানুয়ারি) এক সভায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত নিয়েছে। এ তথ্য কালের কণ্ঠকে নিশ্চিত করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. মোস্তাফিজুর রহমান।

## আরো পড়ুন



জাবির ভর্তি পরীক্ষা শুরু ৯ ফেব্রুয়ারি

তিনি জানান, চলতি শিক্ষাবর্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে এসব কলেজে শিক্ষার্থী ভর্তি নেওয়া হবে না।

এই সিদ্ধান্ত নেওয়ার পর থেকে যারা আবেদন করেছিল তারা বিশ্ববিদ্যালয়ে ফোন করে আবেদন উইথড্র করতে চাচ্ছেন, টাকা রিফান্ড চাচ্ছেন। সে প্রেক্ষিতে আজকে থেকে আবেদন আপাতত স্থগিত রাখা হয়েছে। আজকে দুপুর পর্যন্ত আবেদন হয়েছিল ৩৫ হাজার ৫১৯।

সাত কলেজে আভারগ্র্যাজুয়েট প্রোগ্রামে (স্নাতক) চলতি ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ৬ জানুয়ারি শুরু হয়েছে।

আগামী ১২ ফেব্রুয়ারি পর্যন্ত তা চলার কথা ছিল। ভর্তি পরীক্ষা হওয়ার কথা ছিল আগামী এপ্রিলে।

### আরো পড়ুন



বিপ্লবীদের ঘায়েল করতে নিশানা ঠিক করছে : সাদিক কায়েম

গত সোমবার এসব কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্তি বাতিলের কথা জানায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। একই সঙ্গে চলতি শিক্ষাবর্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে এসব কলেজে শিক্ষার্থী ভর্তি না করার ঘোষণা দেয়।

যদিও এখন এসব কলেজের ভর্তি পরীক্ষা কাদের অধীন হবে, সেটি স্পষ্ট করা হয়নি। এর ফলে ভর্তি পরীক্ষার বিষয়ে জটিল পরিস্থিতি তৈরি হয়েছে।